**একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**রাজনৈতিক শাখা-২**

www.moha.gov.bd

নম্বর :৪৪.০০.০০০০.০৭৫.০১.০০১.২০১৪-১০২

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩২ / ২৬ ফ্রেব্রুয়ারি ২০২৬

## অফিস আদেশ

স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে গত ১৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ৪৪.০০.০০০০.০৭৫.০১.০০১.২০১৪-৭৩৮ নম্বর স্মারকে গঠিত 'উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি' সংশোধনপূর্বক নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| | মাননীয় সংসদ সদস্য | : | মুখ্য উপদেষ্টা |
| | উপজেলা পরিষদ চেয়ারম্যান/প্রশাসক | : | উপদেষ্টা |
| | ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ (যদি থাকে) | : | উপদেষ্টা |
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | : | সভাপতি |
| ২. | সহকারী কমিশনার (ভূমি) | : | সদস্য |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | : | সদস্য |
| ৪. | উপজেলা কৃষি কর্মকর্তা | : | সদস্য |
| ৫. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | : | সদস্য |
| ৬. | উপজেলা মৎস্য কর্মকর্তা | : | সদস্য |
| ৭. | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | : | সদস্য |
| ৮. | উপজেলা পর্যায়ের পৌরসভার মেয়র/প্রশাসক | : | সদস্য |
| ৯. | উপজেলা শিক্ষা অফিসার | : | সদস্য |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | : | সদস্য |
| ১১. | উপজেলা সদরে অবস্থিত সরকারি/বেসরকারি কলেজের অধ্যক্ষ | : | সদস্য |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিসার | : | সদস্য |
| ১৩. | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার | : | সদস্য |
| ১৪. | কোস্ট গার্ড এর প্রতিনিধি (উপকূলীয় উপজেলাসমূহের ক্ষেত্রে) | : | সদস্য |
| ১৫. | উপজেলা সদরে অবস্থিত মাদ্রাসার অধ্যক্ষ/সুপার | : | সদস্য |
| ১৬. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | : | সদস্য |
| ১৭. | উপজেলা সদরে অবস্থিত উচ্চ বিদ্যালয়/বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ | : | সদস্য |
| ১৮. | ইউপি চেয়ারম্যান (সকল) | : | সদস্য |
| ১৯. | মুক্তিযোদ্ধা প্রতিনিধি (জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ২০. | সভাপতি, উপজেলা প্রেসক্লাব | : | সদস্য |
| ২১. | উপজেলার ৫ জন গণ্যমান্য ব্যক্তি (০১ জন ইমাম/খতিব এবং ০১ জন মহিলাসহ) (জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ২২. | সভাপতি, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি | : | সদস্য |

২। সভার কার্যবিবরণী মুখ্য উপদেষ্টা ও উপদেষ্টাগণকে নিয়মিত সরবরাহ করতে হবে। পৃথক নোটিশের মাধ্যমে তাঁদেরকে সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করতে হবে।

৩। উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির কার্য-পরিধি নিম্নরূপ:

(ক) উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং সংঘটিত অপরাধ পর্যালোচনা;
(খ) আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য পরিকল্পনা গ্রহণ ও তদনুযায়ী কার্য সম্পাদন;
(গ) অপরাধী ও সমাজবিরোধী ব্যক্তিদের অপরাধমূলক কার্যকলাপ ফলপ্রসূভাবে প্রতিরোধকল্পে যথোপযুক্ত পন্থা নির্ধারণ;
(ঘ) খুন, ধর্ষণ, ছিনতাই, অপহরণ, এসিড নিক্ষেপ, মেয়েদের উত্যক্তকরণ, কিশোর গ্যাং এর অপরাধ, নারী ও শিশু পাচার, মাদক ব্যবসা ও সেবন ইত্যাদি জঘণ্য প্রকৃতির অপরাধসমূহ নিয়ন্ত্রকল্পে কার্যকর পদক্ষেপ গ্রহণ;
(ঙ) অপরাধ ও অপরাধীদের নিয়ন্ত্রণে রাখার জন্য জনগণকে উদ্বুদ্ধ করা এবং বিভিন্ন পরিকল্পনায় তাদের সম্পৃক্তকরণ;
(চ) অপরাধ প্রতিরোধকল্পে সামাজিক সচেনতা সৃষ্টি;
(ছ) আইন-শৃঙ্খলা উন্নয়ন ও স্বাভাবিক রাখার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ অন্যান্য বিষয় বিবেচনাকরণ।
(জ) আইন-শৃঙ্খলার উন্নয়নে জেলা আইন-শৃঙ্খলা কমিটির নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ; এবং
(ঝ) সরকার/জেলা আইন-শৃঙ্খলা কমিটি কর্তৃক সময়ে সময়ে প্রদেয় নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ।

৪। উপজেলা আইন-শৃঙ্খলা কমিটিতে উপজেলা নির্বাহী অফিসার প্রয়োজনীয়তার নিরিখে সরকারি কর্মকর্তা/দপ্তর প্রধান (অনধিক ০৫ জন)-কে সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট এর পূর্বানুমোদনক্রমে কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন।

৫। কমিটি প্রতিমাসে কমপক্ষে একবার সভায় মিলিত হবে এবং প্রয়োজনবোধে যে কোনো সময়ে সভা অনুষ্ঠান করবে।

৬। সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রয়োজনীয় তথ্য উপাত্তসহ সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।

০৭.০৬.২০২৫

কে.এম.ইয়াসির আরাফাত
উপসচিব
ফোন: ২২২৩৩৫৪৫২৩
ই-মেইল: mohapol2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার
.....(সকল) [সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ]।

সদয় অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
২। সিনিয়র সচিব/সচিব.....মন্ত্রণালয়, ঢাকা;
৩। পুলিশ মহাপরির্দশক, পুলিশ অধিদপ্তর, ঢাকা;
৪। মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড/আনসার ও ভিডিপি/ডিজিএফআই/বিজিবি/এনএসআই/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/প্রাণিসম্পদ অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর/মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, ঢাকা;
৫। বিভাগীয় কমিশনার,.....(সকল);
৬। রেঞ্জ ডিআইজি,.....(সকল);
৭। পুলিশ কমিশনার,.....(সকল);
৮। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট.....(সকল); এবং